ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

11 SEPTEMBER 2025 7:35 AM IST

================================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৪ই সেপ্টেম্বর দুদিনের সফরসূচী নিয়ে আসামে আসছেন । প্রধানমন্ত্রী রবিবার নুমুলীগড় শোধনাগারে বিশ্বের প্রথম বাশঁ ভিত্তিক জৈব ইথানল প্রকল্পের উদ্বোধন করবেন । শ্রী মোদীর আগমনের পূর্বে গতকাল মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা গোলাঘাট জেলার আয়ুক্ত, নুমুলীগড় শোধনাগার কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট বিভাগের আধিকারিকদের সঙ্গে একটি পর্যালোচনা বৈঠকে মিলিত হয়েছেন । প্রধানমন্ত্রীর এই সফরকে সম্মান জানিয়ে নুমুলীগড় এবং মণিপুরের মোরে সংযোগী ৩৩৯ নম্বর জাতীয় সড়ক থেকে নুমুলীগড় শোধনাগারের সংযোগী দুই কিলোমিটারেরও বেশী দীর্ঘ সড়কে প্রধানমন্ত্রী নিম-পথ গড়ে তোলার উদ্দেশ্যে ছ'শো নিমগাছ রোপণের ব্যবস্থা করা হয়েছে । প্রধানমন্ত্রী এর আগে দরং জেলায় বেশকয়েকটি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । প্রধানমন্ত্রী মঙ্গলদৈ'তে প্রায় ৫৭৬ কোটি টাকা ব্যয়ে দরং মেডিকেল কলেজ হাসপাতাল সহ একটি জি এন এম স্কুল এবং একটি নার্সিং কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । এছাড়া প্রধানমন্ত্রী প্রায় সাত হাজার কোটি টাকা ব্যয়ে ব্রহ্মপুত্রের উপর নারেঙ্গী-কুরুয়া সংযোগী সেতু এবং গুয়াহাটি রিং রোড প্রকল্পেরও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী তেরোই সেপ্টেম্বর- শনিবার মিজোরামের রাজধানী আইজলের নিকটবর্তী সাইরাং থেকে নতুন দিল্লি পর্যন্ত সাপ্তাহিক রাজধানী এক্সপ্রেস, সাইরাং ও গুয়াহাটির মধ্যে দৈনিক এক্সপ্রেস ট্রেন, সাইরাং ও কোলকাতার মধ্যে ত্রি-সাপ্তাহিক এক্সপ্রেস ট্রেনের যাত্রার আনুষ্ঠানিক সূচনা করবেন । সাইরাং এবং দিল্লির আনন্দ বিহার স্টেশনের মধ্যে সপ্তাহে একদিন করে যাতায়াত করা রাজধানী এক্সপ্রেসটি সাইরাং থেকে আনন্দ বিহার পর্যন্ত দুহাজার ৫১০ কিলোমিটার দূরত্ব ৪৩ ঘন্টা ২৫ মিনিটে অতিক্রম করবে । এই ট্রেনটি প্রতি শুক্রবার বিকেল সাড়ে চারটায় সাইরাং থেকে যাত্রা করে রবিবার সকাল দশটা-৫০ মিনিটে আনন্দ বিহারে পৌঁছুবে । অনুরূপভাবে ট্রেনটি আনন্দ বিহার থেকে রবিবার সন্ধ্যা ৭টা ৫০ মিনিটে যাত্রা শুরু করে মঙ্গলবার বিকেল ৩টি ১৫ মিনিটে সাইরাং পৌঁছবে । এদিকে গুয়াহাটি থেকে সাইরাঙের মধ্যে যাতায়াত করা ট্রেনটি প্রতিদিন সন্ধ্যা সাতটায় গুয়াহাটি থেকে যাত্রা করে পরদিন সকাল সাড়ে আটটায় সাইরাং গিয়ে পৌঁছুবে । অনুরূপভাবে সাইরাং থেকে সন্ধ্যা সাতটায় যাত্রা করে পরদিন সকাল সাড়ে আটটায় গুয়াহাটি পৌঁছুবে । এছাড়া ত্রি-সাপ্তাহিক ট্রেনটি সাইরাং এবং কোলকাতা-র মধ্যে এক হাজার ৫১২ কিলোমিটার দূরত্ব ৩১ ঘন্টায় সম্পূর্ণ করবে বলে উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে ।

---

আসাম সরকার শিলচর পৌর নিগম এলাকার পরিকাঠামো উন্নয়নের জন্য ৩০৬ নম্বর জাতীয় সড়কে প্রথম পর্যায়ে এলিভেটেড করিডোর নির্মাণ করার জন্য ৩৯৯ কোটি ৩০ লক্ষ টাকার দরপত্র আহ্বান করেছে । এই প্রকল্পটি শিলচর শহরের ট্রাংকরোড /ক্যাপিটেল পয়েন্ট থেকে রাঙ্গিরখাড়ি পয়েন্ট পর্যন্ত সম্প্রসারিত করা হবে । দরপত্র

আগামী সাতই অক্টোবর পর্যন্ত জমা দেওয়া যাবে । বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই গতকাল সামাজিক মাধ্যমে জানান যে এই পদক্ষেপ কার্যকর হলে শিলচর শহরে দীর্ঘদিনের যানজঁট সমস্যা হ্রাস পাবে এবং শহরের যাতায়াত ব্যবস্থায় গতি আসবে । মন্ত্রী শ্রীরাই বলেন যে পরিকাঠামো উন্নয়নের মাধ্যমে শিলচর শহরকে আরো বেশী আধুনিক শহরে রূপান্তরিত করার ক্ষেত্রে এ এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ হবে ।

---

শিলচর শহরে এ বছরের আসন্ন দূর্গা পূজায় একবার ব্যবহার যোগ্য প্লাষ্টিক পরিহার করতে এবং প্রতিটি পূজা মন্ডপে তরল ও কঠিন বর্জ্য নিক্ষেপের জন্য ডাষ্টবিন রাখার নির্দেশ দেওয়া হয়েছে । শিলচর পৌর নিগমের আয়ুক্ত সৃষ্টি সিং গতকাল নিগমের সম্মেলন কক্ষে আয়োজিত দূর্গা পূজা প্রস্তুতি সভায় একথা বলেছেন । সভায় শ্রীমতি সিং উৎসবের মরশুমে জনসাধারনের মধ্যে স্বাস্থ্য সচেতনতা গড়ে তুলতে পূজা প্যান্ডালগুলিকে পরিষ্কার-পরিচ্ছনতা বজায় রাখার আহ্বান জানিয়েছেন ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সাংবাদিক কুন্তল চক্রবর্তীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন । এক শোক বার্তায় মূখ্যমন্ত্রী বলেছেন যে- সাংবাদিক কুন্তল চক্রবর্তীর অসাধারণ বিশ্লেষণী ক্ষমতা ও জ্ঞান আসামের সংবাদ জগতকে ঋদ্ধ করেছে । তাঁর মৃত্যু, সংবাদ জগতের জন্য এক অপূরনীয় ক্ষতি বলে মূখ্যমন্ত্রী মন্তব্য করেন ।

এদিকে বরাক উপত্যকার দুই মন্ত্রী কৌশিক রাই, কৃষ্ণেন্দু পাল, দুই সাংসদ পরিমল শুক্লবৈদ্য ও কণাদ পুরকায়স্থ সহ বিধায়কগণ সহ বহু বিশিষ্ট ব্যক্তি কুন্তল চক্রবর্তীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ।

---

উল্লেখ্য  আসাম তথা উত্তর-পূর্বাঞ্চলের বিশিষ্ট সাংবাদিক কুন্তল চক্রবর্তী গতকাল সকালে গুয়াহাটি মেডিকেল কলেজ ও হাসপাতালের ক্যান্সার ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন । বয়স হয়েছিল ৫৪ বছর । তিনি দীর্ঘদিন ধরে ক্যান্সারে ভুগছিলেন । তিনি মৃত্যুকালে স্ত্রী এবং এক কন্যাকে রেখে গেছেন ।  সৎ, সাহসী এবং তথ্যসম্বৃদ্ধ লেখনির মাধ্যমে কুন্তল চক্রবর্তী সংবাদ পাঠকদের মনে বিশেষ স্থান করে নিয়েছিলেন । দুই দশকেরও বেশি সময় ধরে তিনি নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী নিয়ে বরাক উপত্যকা তথা সমগ্র আসামে সাংবাদিকতার জগতে বিশেষ ছাপ রেখে গেছেন ।

---

হাইলাকান্দি জেলায় লীগ কাম নক আউট ফুটবল প্রতিযোগীতার
আজকের খেলায় স্পোর্টিং ইয়নিয়ন ক্লাব খেলবে ইয়ং স্টার ক্লাবের বিরুদ্ধে
।
নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার
গতকালের খেলায় চন্দ্রপুর এফ সি ৩-১ গোলে লক্ষীশহর এফ সি পরাজিত করে ।

---